



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhafc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বিএইচবিএফসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর



৩০.০৬.২০১৬ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির স্বাক্ষর অনুষ্ঠিত হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মো. ইউনুসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে কর্পোরেশনের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ এবং ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. দৌলতুল্লাহার খানম। এ সময় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।